NEW YORK STATE | Department of Health

COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে মলগুলির জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা

আপনার এই নথিটি পড়া হয়ে গেলে আপনি নিচে তা নিশ্চিত করতে পারবেন।

19 আগস্ট 2020 পর্যন্ত

গভর্নরের নির্বাহী আদেশ অনুযায়ী, শপিং মলগুলি শুক্রবার, 10 জুলাই 2020 পর্যন্ত বন্ধ থাকবে, যখন শপিং মলগুলো চতুর্থ পর্যায়ে পৌঁছেছে এমন অঞ্চলগুলিতে এবং নিম্নলিখিত নির্দেশিকা মেনে চলবে সেখানে খোলা যেতে পারে। বিশেষ করে, খুচরা শপিং মলের যে কোন অভ্যন্তরীণ সাধারণ অংশ যেখানে 100,000 বা তার বেশী খুচরা বিক্রয় স্থান রয়েছে লিজের জন্য, তা অবশ্যই শুক্রবার, 10 জুলাই 2020 পর্যন্ত জনসাধারণের জন্য বন্ধ রাখতে হবে যখন ফেজ 4 অঞ্চলের শপিং মলগুলো আবার খুলতে পারে; কিন্তু, তাদের নিজস্ব বাহ্যিক প্রবেশদ্বার(সমূহ) ছাড়া যে কোন দোকান ফেজ 1 এবং 2-এ কার্বসাইড পিকআপের মাধ্যমে কাজ করতে পারে সাধারণ শপিং মলের প্রবেশদ্বারে বা তার কাছাকাছি গ্রাহকদের ক্রয়কৃত আইটেম সরবরাহ করে এবং সাধারণ মলের প্রবেশদ্বার থেকে পৃথক নিজস্ব বাহ্যিক প্রবেশদ্বার (যেমন স্ট্রিপ মল, অ্যাঙ্কর টেন্যান্ট) আছে, তারা কার্বসাইড এবং ফেজ 1 এ ইন-স্টোর পিকাপ এবং ফেজ 2 এর সকল ইন-স্টোর খুচরা ক্রিয়াকলাপ পরিচালনা করে।

উদ্দেশ্য

COVID-19 জনস্বাস্থ্য সম্পর্কিত জরুরি পরিস্থিতির সময়, মলগুলির জন্য এই অভ্যন্তরীণ নির্দেশিকাটি ("মলগুলির জন্য অভ্যন্তরীণ COVID-19 নির্দেশিকা") মলগুলির মালিক/পরিচালক এবং তাদের কর্মচারী, ঠিকাদার, বিক্রেতা, এবং ক্রেতাদের COVID-19 এর বিস্তার প্রতিরোধে সহায়তা করার সতর্কতাগুলি প্রদান করার জন্য তৈরি করা হয়েছে।

এই নির্দেশিকাটি চালনা করার অনুমতিপ্রাপ্ত সকল ইনডোর, স্ট্রিপ এবং আউটলেট মলগুলির ক্ষেত্রে প্রযোজ্য। এই নির্দেশিকাটি ওই মলগুলিতে থাকা রেস্টুরেন্ট অথবা অন্যান্য খাদ্য পরিষেবাদি, মুভি থিয়েটার, ভাড়ার পণ্যের খুচরো বিক্রেতা অথবা চুল কাটার সেলুন, নখ পরিচর্যার সেলুন, স্পা, ট্যাটু পার্লার, লেজার হেয়ার রিমুভাল অথবা ইলেক্ট্রোলাইসিসের মতো ব্যক্তিগত পরিচর্যা পরিষেবায় প্রযোজ্য নয়।

মলগুলির মধ্যে থাকা খুচরা দোকানগুলোকে অবশ্যই স্বাস্থ্য দপ্তরের (DOH) বর্ণিত "COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে অত্যাবশ্যক এবং পর্যায় II খুচরা ব্যবসায়িক কার্যকলাপের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Essential and Phase II Retail Business Activities during the COVID-19 Public Health Emergency) মেনে চলতে হবে। মলগুলির মধ্যে থাকা রেস্টুরেন্ট এবং খাদ্য পরিষেবাগুলিকে অবশ্যই স্বাস্থ্য বিভাগ (DOH) এর "COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে খাদ্য সংক্রান্ত পরিষেবাগুলির জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Food Services during the COVID-19 Public Health Emergency)-তে বর্ণিত নির্দেশিকা মেনে চলতে হবে। মুভি থিয়েটারগুলিকে অবশ্যই সেই উদ্দেশ্যে কোনো নির্দেশিকা ইস্যু করা হলে তা মেনে চলতে হবে (এই প্রকাশনার সময় মুভি থিয়েটারগুলিকে খোলার অনুমতি দেওয়া হয়নি)। মলগুলির মধ্যে থাকা ব্যক্তিগত পরিচর্যা পরিষেবাগুলিকে অবশ্যই স্বাস্থ্য বিভাগ (DOH) এর "COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে ব্যক্তিগত পরিচর্যার জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Personal Care Services during the COVID-19 Public Health Emergency)-তে বর্ণিত নির্দেশিকা মেনে চলতে হবে। মলগুলির মধ্যে থাকা অন্যান্য ব্যবসাগুলিকে তাদের ব্যবসা সংক্রান্ত নির্দেশিকা যদি কিছু থাকে তা যেক্ষেত্রে প্রযোজ্য সেক্ষেত্রে মেনে চলতে হবে।

এই নির্দেশিকাগুলি কেবলমাত্র ন্যূনতম প্রয়োজনীয়তা এবং যে কোনো মলের মালিক/স্বত্বাধিকারী/অপারেটর অতিরিক্ত সতর্কতা বা বর্ধিত নিষেধাজ্ঞা জারি করতে পারেন। এই নির্দেশিকাগুলি প্রকাশনার সময় সর্বাধিক পরিচিত জনস্বাস্থ্যের অভ্যাস ভিত্তিক, এবং যে নথির উপর নির্ভর করে এই নির্দেশিকা তৈরি হয়েছে তা প্রায়শই পরিবর্তিত হতে পারে এবং পরিবর্তিত হয়ে থাকে। দায়বদ্ধ পক্ষগণ – নিচে যেভাবে সংজ্ঞায়িত করা হয়েছে – মল অপারেশন সম্পর্কিত সকল স্থানীয়, স্টেট এবং যুক্তরাষ্ট্রীয় আবশ্যিকতা মেনে চলার জন্য দায়বদ্ধ। দায়বদ্ধ পক্ষগণ এই আবশ্যিকতাগুলির যেকোনো আপডেট সম্বন্ধে হালনাগাদ থাকার পাশাপাশি যেকোনো মল অপারেশন এবং/অথবা সাইট নিরাপত্তার পরিকল্পনায় তা কার্যকর করার জন্য কৈফিয়তযোগ্য।

পটভূমি

7ই মার্চ, 2020 তারিখে, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো COVID-19 এর পরিপ্রেক্ষিতে একটি জরুরি অবস্থা ঘোষণা করে নির্বাহী আদেশ 202 জারি করেন। সমগ্র নিউইয়র্ক জুড়ে COVID-19 এর কমিউনিটি ট্রান্সমিশন ঘটেছে। আরো ছড়িয়ে পড়া হ্রাস করতে, যেখানে সম্ভব, ব্যক্তিদের মধ্যে অবশ্যই অন্তত 6 ফুটের সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে।

20 মার্চ, 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.6 জারি করেন, যাতে সমস্ত গৌণ ব্যবসাগুলিকে অফিস মধ্যস্থ কর্মীদের কাজকর্ম বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়। অত্যাবশ্যক ব্যবসা, যেমন এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশন (Empire State Development Corporation, ESD) এর নির্দেশিকা দ্বারা সংজ্ঞায়িত, এই সীমাবদ্ধতার অধীন ছিল না, কিন্তু, তাদের স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH) দ্বারা জারি করা একটি পরিষ্কার এবং নিরাপদ কর্ম পরিবেশ বজায় রাখার জন্য নির্দেশনা ও আদেশ মেনে চলার জন্য নির্দেশ করা হয়, এবং যতটা সম্ভব সামাজিক দূরত্ব বজায় রাখা সনির্বন্ধ অনুরোধ জানানো হয়।

12ই এপ্রিল, 2020 তারিখে, গভর্নর কুওমো সমস্ত অত্যাবশ্যকীয় ব্যবসায়ীক প্রতিষ্ঠানকে তার কর্মীদের, যারা কর্মস্থলে উপস্থিত আছেন, তাদের বিনামূল্যে মুখের আচ্ছাদন প্রদান করতে হবে, যা তাদের কাজের সময় জনসাধারণ বা গ্রাহকদের সঙ্গে সরাসরি সংযোগ ঘটার সময় অবশ্যই ব্যবহার করতে হবে, এই মর্মে নির্বাহী আদেশ 202.16 জারি করেছিলেন। 15 এপ্রিল 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.17 জারি করেছেন, যা দুই বছরের বেশি বয়সী এবং চিকিৎসাগতভাবে মুখের আবরণ সহন করতে সক্ষম সকলকে একটি সর্বজনীন স্থানে এবং যখন সামাজিক দূরত্ব বজায় রাখা সম্ভব নয়, বা যখন সামাজিক দুরত্ব বজায় রাখছেন না, তখন তাদের নাক ও মুখ একটি মাস্ক অথবা কাপড়ের তৈরি মুখের আবরণ দিয়ে ঢাকার জন্য নির্দেশ দেয়। 16 এপ্রিল 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.18 জারি করেন যা সরকারী এবং বেসরকারী পরিবহণ বা অন্যান্য ভাড়ার পরিবহণ ব্যবহার করা দুই বছরের বেশি বয়সের এবং চিকিৎসাগতভাবে একটি মুখের আবরণ সহণ করতে সক্ষম সকল মানুষকে অবশ্যই কোন যাত্রার সময় তাদের নাক এবং মুখের উপর একটি মাস্ক অথবা মুখের আবরণ পরার নির্দেশ দেয়। এছাড়াও সরকারি বা বেসরকারি পরিবহনের কোনো গাড়িতে কোনো যাত্রী থাকলে নাক এবং মুখ ঢেকে রাখে এমন একটি মুখের আবরণ বা মাস্ক পরার নির্দেশ সেই গাড়ির যে কোনো পরিচালক বা চালককে এটি দেয়। 29 মে, 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.34 জারি করেন, যা ব্যবসা অপারেটর/মালিকদের মুখ না ঢেকে বা মুখাবরণ বা মাস্কের প্রয়োজনীয়তা না মেনে চলা ব্যক্তিবর্গদের প্রবেশে বাধা দেওয়ার অনুমোদন দেয়।

26শে এপ্রিল, 2020 তারিখে গভর্নর কুওমো ঘোষণা করেন যে তথ্য-পরিচালিত, আঞ্চলিক বিশ্লেষণে পর্যায় ভিত্তিতে নিউইয়র্কে শিল্প এবং ব্যবসা পুনরায় খোলার ব্যাপারে পর্যায় ভিত্তিক দৃষ্টিভঙ্গি গ্রহণ করা হবে। 4 মে 2020 তারিখে গভর্নর বলেন যে আঞ্চলিক বিশ্লেষণটি নতুন COVID-19 সংক্রমণ জনস্বাস্থ্য পরিষেবা লক্ষণ ভিত্তিক পরীক্ষা এবং কন্টাক্ট ট্রেসিং সহ জনস্বাস্থ্যের বিভিন্ন বিষয়গুলি বিবেচনা করবে। 11 মে, 2020-এ, গভর্নর কুওমো ঘোষণা করেন যে, নিউ ইয়র্কের বেশ কিছু অঞ্চলে 15 মে, 2020-এর প্রথম পর্যায় শুরু হবে, যা উপলভ্য আঞ্চলিক মেট্রিক্স এবং সূচকের উপর ভিত্তি করে। 29 শে মে, 2020 তারিখে, গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে স্টেটের বিভিন্ন অঞ্চলে রিওপেনিংয়ের দ্বিতীয় পর্যায় শুরু হবে, এবং ভাইরাসটি কিভাবে প্রতিরোধ করা যেতে পারে তা অনবরত পর্যবেক্ষণ করার জন্য নিউ ইয়র্কবাসী, সরকারী কর্মকর্তা এবং বিশেষজ্ঞদের জন্য রাজ্যের বিস্তৃত ডেটা সংগ্রহের প্রচেষ্টাকে একত্রিত করতে একটি নতুন প্রারম্ভিক সতর্কীকরণ ড্যাশবোর্ড বাস্তবায়ন ব্যবহার করার কথাও ঘোষণা করেছেন। 11 জুন গভর্নর কুওমো ঘোষণা করেন যে নিউ ইয়র্কের বেশ কিছু অঞ্চলে 12 জুন তারিখে পুনরায় খোলার তৃতীয় পর্যায় শুরু হবে। 24 জুন,

STAY HOME. STOP THE SPREAD. SAVE LIVES.

2020 তারিখে গভর্নর কুয়োমো ঘোষণা করেন যে স্টেটের বেশ কয়েকটি অঞ্চল 26 জুন, 2020 থেকে পুনরায় খোলার চতুর্থ পর্যায়ে প্রবেশ করতে চলেছে।

নিম্নলিখিত মানদণ্ডগুলির পাশাপাশি, ব্যবসাগুলিকে স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH) এর জারি করা পরিচ্ছন্ন এবং নিরাপদ কর্ম পরিবেশ বজায় রাখার নির্দেশনা ও আদেশ মেনে চলা অব্যাহত রাখতে হবে।

অনুগ্রহ করে লক্ষ্য করুন যে, নিউ ইয়র্ক স্টেট দ্বারা ইস্যু করা অন্যান্য পরিচালনাবিধি থেকে এই নথিতে উল্লেখ করা পরিচালনা বিধি পৃথক, অধিক সাম্প্রতিক নির্দেশিকা প্রয়োগ করা হবে।

নিউ ইয়র্ক স্টেটে দায়িত্বশীল ভাবে মল অপারেশনের মানদণ্ড

আমেরিকানস উইথ ডিজাবিলিটিজ অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA), সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC), এনভায়রনমেন্ট প্রোটেকশন এজেন্সি (Environmental Protection Agency, EPA) এবং মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রম বিভাগের অকুপেশনাল সেফটি অ্যান্ড হেলথ অ্যাডমিনিস্ট্রেশন (Occupational Safety and Health Administration, OSHA)-এর অনুরূপ ন্যূনতম মান, তবে সেটুকুর মধ্যে সীমাবদ্ধ নয়, তা সহ প্রযোজ্য ফেডারেল শর্তাবলী সর্বোপরি স্টেটের ন্যূনতম মানদণ্ড পূরণ না করে কোনো মল অপারেশন করা যাবে না।

এই নির্দেশিকার মধ্যে থাকা স্টেটের মানদণ্ডগুলি COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে কার্যরত সমস্ত মলগুলির ক্ষেত্রে প্রযোজ্য যতক্ষণ পর্যন্ত না স্টেট কর্তৃক মুলতুবি বা সংশোধন করা হয়। মলের মালিক/পরিচালক, অথবা মালিক/পরিচালকের মনোনীত অন্য কোনো পক্ষ (যেকোনো ক্ষেত্রেই, "দায়বদ্ধ পক্ষ"), এই মানদণ্ডগুলি পূরণের জন্য দায়বদ্ধ থাকবেন।

মলটির মালিক/পরিচালক, বা তাদের মনোনীত ব্যক্তি বা সংস্থা, যে কোনো সর্বজনীন অঞ্চল সংক্রান্ত মানদণ্ডগুলি পূরণের জন্য প্রাথমিকভাবে দায়বদ্ধ থাকবেন। ভাড়াটিয়া, যদি মালিক/পরিচালক না হন, তাদের লীজ নেওয়া জায়গা(জায়গাগুলি) সংক্রান্ত এই মানদণ্ডগুলি পূরণের জন্য প্রাথমিকভাবে দায়বদ্ধ থাকবেন, যদিনা ভাড়াটিয়া এবং মালিক/পরিচালক সেই দায়বদ্ধতাগুলি সম্পর্কে কোনো বিকল্প বন্দোবস্তে না পৌঁছান (যেমন যৌথ স্ক্রিনিং প্রোটোকল)।

অন্য কোনো ভাবে উল্লেখ না করা থাকলে, "কর্মচারী" বলতে (1) কর্মচারী, ঠিকাদার, এবং ক্রেতা, এবং (2) "কর্মচারী এবং/অথবা ভিজিটর" বলতে মলের মালিক/পরিচালক এবং তাদের কর্মচারী এবং/অথবা ভিজিটরদের বোঝানো হয়েছে। দায়বদ্ধ পক্ষগণকে মলের মধ্যে জায়গা দখল করে থাকা ভাড়াটিয়া স্বত্বাগুলির সাথে যোগাযোগ করতে হবে, যেখানে প্রযোজ্য সেখানে এই নির্দেশিকা অনুযায়ী চর্চাগুলিকে কার্যকর করতে হবে। এই ধরনের স্বত্বা এবং তাদের কর্মচারী, ঠিকাদার, এবং ভিজিটরদের সম্পর্কে আরো তথ্যের জন্য, উপরোক্ত নির্দেশিকাটি দেখুন।

নিম্নলিখিত নির্দেশিকা তিনটি পৃথক শ্রেণী ঘিরে গড়ে উঠেছে: মানুষ, স্থান, এবং প্রক্রিয়া।

I. মানুষ

A. শারীরিক দূরত্ব

- দায়বদ্ধ পক্ষগণকে, ভাড়াটিয়াদের সাথে একযোগে নিশ্চিত করতে হবে যে, একটি নির্দিষ্ট জায়গায়, কর্মী সংখ্যা এবং ক্রেতাদের উপস্থিতি, কোনো অবস্থাতেই, সার্টিফিকেট অফ অকুপেন্সিতে উল্লিখিত সর্বাধিক সংখ্যার 50% এর বেশি হতে পারবে না, যার মধ্যে ক্রেতারা অন্তর্ভুক্ত, ক্রেতারা নিকট পক্ষ/একই বাড়িতে বসবাস করা ব্যক্তিবর্গ/একই পরিবারের না হলে, সকল পরিস্থিতিতে তাদের মধ্যে ছয় ফুট দূরত্ব বজায় রাখতে হবে, তারা একটি স্বীকৃত মুখের আবরণ না পরলে তাদের কোনো অবস্থাতেই মলে এবং মলের মধ্যেকার ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলিতে প্রবেশের অনুমতি

দেওয়া হবে না; যদি ক্রেতাটি দুই বছরের বেশি বয়সী এবং চিকিৎসাগতভাবে সেই ধরনের আবরণ সহ্য করতে সক্ষম হন; এবং

- কর্মী এবং ক্রেতাদের মধ্যে সবসময় অন্তত পক্ষে ছয় ফুটের শারীরিক দূরত্ব বজায় থাকছে কিনা তা দায়বদ্ধ পক্ষদের নিশ্চিত করতে হবে, যদি না মূল কার্যকলাপের নিরাপত্তার জন্য দূরত্ব কমাতে হয় (যেমন নগদ রেজিস্টারের পরিচালনা, পণ্য সরানো এবং তোলা)। গ্রাহকদের সঙ্গে আলাপচারিতার সময় কর্মীদের অবশ্যই গ্রহণযোগ্য মুখের আবরণ পরতে হবে (যেমন ক্রেতাদের তথ্য প্রদান করা, কোনো ক্রয়ের জন্য বিল বানানো ও টাকা নেওয়া, হাতে দেওয়ার জন্য কোনো আইটেম মোড়ানো) এবং যেকোনো সময় কর্মীদের অন্য ব্যক্তির থেকে ছয় ফুট দূরত্বে থাকতে হবে। যদি অন্য কোনো ব্যক্তি অপ্রত্যাশিতভাবে ছয় ফুটের মধ্যে চলে আসেন সেই জন্য কর্মীদের মুখের আবরণ পরে নেওয়ার জন্য সদা প্রস্তুত থাকতে হবে। মলে প্রবেশ করা ক্রেতাদের অবশ্যই একটি মুখের আবরণ পরতে হবে।
    - COVID-19 এর জন্য স্বীকৃত মুখের আবরণগুলির মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু সীমিত নয়, মুখ এবং নাক উভয়ই ঢাকে এরকম কাপড়ের মুখের আবরণ এবং ডিজপোজেবেল মাস্কস।
    - যদিও, যেসব ক্ষেত্রে সাধারণত কাজের প্রকৃতির কারণে ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম হিসাবে উচ্চ মাত্রার সুরক্ষা প্রয়োজন হয় সেসব ক্ষেত্রে কাপড়, ডিসপোজেবল, বা অন্যান্য উপকরণে তৈরি মুখ আবরণ কর্মক্ষেত্রের কার্যকলাপের জন্য মুখ আবরণ হিসাবে গ্রহণযোগ্য নয়। সেই ক্রিয়াকলাপগুলির জন্য, পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য প্রশাসন (Occupational Safety and Health Administration, OSHA) নির্দেশিকা অনুসারে সংজ্ঞায়িত বিদ্যমান শিল্প মানের অধীনে ব্যবহৃত N95 রেস্পিরেটর বা অন্যান্য ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) ব্যবহার করা চালিয়ে যাওয়া উচিত।

- দায়বদ্ধ পক্ষগণ কাজের এলাকা ও কর্মীর বসার এলাকার সংখ্যা ব্যবহার পরিবর্তন এবং/অথবা সীমাবদ্ধ করতে পারে, যাতে ব্যক্তিবর্গ সব দিক থেকে অন্তত ছয় ফুট (যেমন-পাশাপাশি এবং একে অপরের মুখোমুখি হওয়ার সময়) বজায় রাখতে পারেন এবং ব্যবহারের মাঝে পরিষ্কার এবং জীবাণুমুক্ত না করে তাদের জায়গাগুলি শেয়ার না করতে হয়। যখন কাজের স্থান অথবা জায়গার মধ্যে দূরত্ব স্থাপন সম্ভবপর নয়, তখন দায়বদ্ধ পক্ষদের ফেস কভারিং অথবা বাতাসের প্রবাহ, তাপ, কুলিং অথবা বায়ু চলাচলে প্রভাবিত হবে না এমন এলাকাগুলিতে ফেস কভারিংয়ের বদলে প্লাস্টিক শিল্ডিংয়ের দেওয়ালের মতো শারীরিক বন্ধন প্রদান করতে হবে এবং সেগুলি ব্যবহারও করতে হবে।
    - OSHA নির্দেশিকা অনুযায়ী শারীরিক দূরত্ব বজায় রাখার জন্য বাধা তৈরি করা উচিত।
    - বস্তুগত বাঁধার বিকল্পগুলি অন্তর্ভুক্ত করতে পারে: ফালি করে কাটা পর্দা, প্লেক্সিগ্লাস বা সেই ধরনের উপকরণ, বা অন্যান্য অপ্রবেশ্য বিভাজক বা পার্টিশনগুলি।

- দায়বদ্ধ পক্ষদের মলের লেআউটগুলি পাল্টানোর জন্য উৎসাহিত করা হচ্ছে যাতে কর্মীদের কাজের সময় এবং গ্রাহকদের ব্রাউজিংয়ের সময়, কর্মী এবং গ্রাহকরা সমস্ত অভিমুখে অন্তত পক্ষে ছয় ফুটের দূরত্ব বজায় রাখতে পারে, যদি না শারীরিক বন্ধন রাখা থাকে (যেমন প্লেক্সিগ্রাস অথবা ক্যাশ রেজিস্টারে অংশগ্রহণ)।
    - দায়বদ্ধ পক্ষগণকে গ্রাহকদের সঙ্গে আলাপচারিতার সময় কর্মচারীদের মুখের আবরণ ব্যবহার করা অবশ্যই বাধ্যতামূলক করতে হবে। দায়বদ্ধ পক্ষরা গ্রাহকদের কোনো মুখের আবরণ ছাড়া মলে প্রবেশের অনুমতি দেবেন না, যদি তারা চিকিৎসাগতভাবে সেটি সহ্য করার ক্ষমতাসম্পন্ন হন এবং দু'বছরের বেশি বয়স হয়।
    - এই ক্ষেত্রে, দায়বদ্ধ পক্ষগুলিকে গ্রাহকদের জন্য পিকআপ এবং/অথবা ডেলিভারির জন্য বিকল্প পদ্ধতি ব্যবস্থা করতে হবে, নির্দিষ্টভাবে আবশ্যক পণ্যের অ্যাক্সেস নিশ্চিত করতে, এর মধ্যে সীমিত না হলেও অন্তর্ভুক্ত রয়েছে, খাদ্যদ্রব্য, ওষুধ এবং চিকিৎসার সরঞ্জাম বা প্রয়োজনীয় জিনিস।
    - দায়বদ্ধ পক্ষকে অবশ্যই যথাযথ সামাজিক দূরত্বের কথা বিবেচনা করে কর্মচারী এবং ক্রেতাদের কাজ করার এবং কেনাকাটা করার পর্যাপ্ত জায়গা সংরক্ষণ করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে একমুখী করিডোর বা যাতায়াতের গলি তৈরি করার, অথবা অন্য কোনো ভাবে যাতায়াতের বন্দোবস্ত করার কথা বিবেচনা করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে ছোট জায়গাগুলির (যেমন লিফট, বাথরুম, স্টক রুম) ব্যবহার নিষিদ্ধ করতে হবে যাতে এক একজনের বেশি ব্যক্তি ব্যবহার করতে না পারে, যদি না সেই সমস্ত জায়গায় সকল ব্যক্তিবর্গ একই সময় গ্রহণযোগ্য মুখের আবরণ পরে থাকেন। যদিও, জনসংখ্যা এলাকার সর্বোচ্চ ক্ষমতার 50% অতিক্রম করতে পারবে না, যদি না এটি একটি একক ব্যবহারকারীর ব্যবহারের জন্য ডিজাইন করা হয়। দায়বদ্ধ পক্ষদের নিরাপত্তার প্রোটোকল বজায় রাখাকালীন সময়, বায়ু চলাচলের ব্যবস্থা বাড়াতে হবে যাতে সর্বাধিক পরিমাণে বাইরের বাতাস আসতে পারে (অর্থাৎ জানলা খুলে রাখুন, প্রস্থানের দরজা খোলা রাখুন)।

- যখনই উপলভ্য তখনই, স্পর্শ না করে পেমেন্টের বিকল্পগুলি অথবা আগে থেকে অর্থ পরিশোধ করার বিকল্প ব্যবহারের জন্য দায়বদ্ধ পক্ষদের উৎসাহিত করতে হবে। যেখানে সম্ভব, সেখানে নগদ অর্থ, ক্রেডিট কার্ড, পুরস্কারের কার্ড, এবং মোবাইল ডিভাইসগুলি ঘাঁটাঘাটি ন্যূনতম করুন।
- দায়বদ্ধ পক্ষগণকে করিডর এবং হলের রাস্তায় তীরচিহ্ন যুক্ত টেপ বা প্রতীক ব্যবহার করে ক্রেতাদের উভয়মুখী হাঁটা পথের ভিড় কমাতে এবং সমস্ত সাধারণ ব্যবহৃত চত্বরগুলি এবং সাধারণত লাইন তৈরি হতে পারে অথবা লোক জমায়েত হতে পারে এমন কোনো চত্বরে (যেমন ক্লক ইন/আউট স্টেশন, স্বাস্থ্য স্ক্রিনিংয়ের স্টেশন, মল মধ্যস্থ কিয়স্ক, বিশ্রাম কক্ষ) ছয় ফুট দূরত্ব বজায় রাখার সিগনেজ এবং দূরত্বের মার্কার দিয়ে উপযুক্ত ব্যবস্থাপনা নিতে হবে।
  - যেখানে সম্ভব সেখানে, দায়বদ্ধ পক্ষগণকে একমুখী যাতায়াতকে উৎসাহিত করতে মার্কার অথবা বাঁধা রাখতে হবে।

- দায়বদ্ধ পক্ষদের অবশ্যই সমস্ত সাধারণভাবে ব্যবহৃত চত্বর এবং সাধারণত লাইন তৈরি হতে পারে অথবা লোক জমায়েত হতে পারে এমন কোনো চত্বরে (যেমন ক্লক ইন/আউট স্টেশন, স্বাস্থ্য স্ক্রিনিংয়ের স্টেশন, বিশ্রামের কক্ষ, ক্যাশ রেজিস্টারের চত্বর, পণ্যের নিকটবর্তী জায়গাগুলি, গলিগুলিতে) ছয় ফুট দূরত্ব বজায় রাখার বিষয়টি উল্লেখ করে সিগনেজ এবং দূরত্বের মার্কারগুলি পোস্ট করতে হবে।

- দায়বদ্ধ পক্ষদের মলের নির্দিষ্ট স্থানের ভিতরে এবং বাইরে, DOH COVID-19 এর সাইনেজের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রতীক পোস্ট করতে হবে। দায়বদ্ধ পক্ষ তাদের কর্মক্ষেত্র বা সেটিং-এর উপর ভিত্তি করে নিজেদের কাস্টমাইজড চিহ্ন তৈরি করতে পারে, এই ধরনের চিহ্ন ডিপার্টমেন্টের চিহ্নের সঙ্গে সঙ্গতিপূর্ণ হতে হবে। নিম্নলিখিতগুলি কর্মী এবং গ্রাহকদের মনে করিয়ে দেওয়ার জন্য সিগনেজ ব্যবহার করতে হবে:
  - আপনি অসুস্থ হলে বাড়িতেই অবস্থান করবেন।
  - মুখাবরণ দিয়ে নাক ও মুখ ঢেকে রাখুন।
  - PPE সঠিকভাবে রাখা এবং যখন প্রয়োজন, তা বাতিল করা।
  - শারীরিক দূরত্বের নির্দেশাবলী মেনে চলুন।
  - COVID-19 এর উপসর্গ বা সংক্রমণের প্রতিবেদন করা, এবং কিভাবে এটি করা উচিত।
  - হাতের স্বাস্থ্যবিধি এবং পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণের নির্দেশিকা অনুসরণ করুন।
  - শ্বাস-প্রশ্বাসের যথাযথ স্বাস্থ্যবিধি এবং কাশবার শিষ্টাচার মেনে চলা।

B. আবদ্ধ স্থানে সমাবেশ

- দায়বদ্ধ পক্ষগণকে কর্মীদের সশরীরে সমবেত হওয়া (যেমন টিম মিটিং, স্টক রুম) যতটা সম্ভব সীমিত করতে হবে এবং যেখানে সম্ভব CDC-র নির্দেশিকা "করোনাভাইরাস রোগ 2019 (COVID-19) এর বিরুদ্ধে পরিকল্পনা

STAY HOME. STOP THE SPREAD. SAVE LIVES.

এবং প্রতিক্রিয়ার জন্য ব্যবসা ও নিয়োগকারীদের জন্য অন্তর্বর্তী নির্দেশিকা" (Interim Guidance for Businesses and Employers to Plan and Respond to Coronavirus Disease 2019 (COVID-19)) অনুযায়ী ভিডিও বা টেলিকনফারেন্সিং এর মতো পদ্ধতি ব্যবহার করতে হবে। দায়বদ্ধ পক্ষগণকে কর্মচারীদের সশরীরে উপস্থিত থাকা মিটিংগুলি উন্মুক্ত, ভালভাবে বায়ু চলাচল করে এমন জায়গায় করতে হবে এবং নিশ্চিত করতে হবে যে ব্যক্তিবর্গ পরস্পরের মধ্যে ছয় ফুট সামাজিক দূরত্ব বজায় রাখেন (যেমন, চেয়ার থাকলে, চেয়ারের মধ্যে জায়গা ছেড়ে দেওয়া, কর্মীদের একটি করে চেয়ার ছেড়ে বসা) বা যথাযথ মিখের আবরণ পরেন।

- দায়বদ্ধ পক্ষগণকে লোকজনের উপস্থিতি সীমিত করে অথবা অত্যাবশ্যক নয় এমন সুযোগ-সুবিধা এবং সাম্প্রদায়িক এলাকা যা যথাযথ সামাজিক দূরত্ব পালনের সুযোগ দেয় না তা বন্ধ করে সামাজিক দূরত্ব পালনকে উৎসাহিত করতে হবে। যদি খোলা থাকে, দায়বদ্ধ পক্ষকে অবশ্যই এই ধরনের সুবিধার কাছাকাছি সরঞ্জামের পাশে হ্যান্ড স্যানিটাইজার বা জীবাণুনাশক ওয়াইপ সরবরাহ করতে হবে (উদাহরণস্বরূপ, ভেন্ডিং মেশিন, সাম্প্রদায়িক কফি স্টেশন)।

- দায়বদ্ধ পক্ষগণকে বিশ্রামকক্ষ এবং ব্রেক রুমের মতো ছোট চত্বরগুলিতে পর্যাপ্ত সামাজিক দূরত্বের পালনের অভ্যাস করতে হবে, এবং এই ধরনের এলাকায় যখন সামাজিক দূরত্ব রক্ষা করা যাবে না, তখন লোক সমাগম সীমিত রাখার জন্য সাইনেজ এবং সিস্টেম (যেমন ব্যবহৃত হচ্ছে বলে চিহ্নিত করা) ব্যবহার করতে হবে; এবং

- দায়বদ্ধ পক্ষদের কর্মীদের সময়সূচি ছড়িয়ে দিতে হবে যাতে কোনো সমাবেশে (যেমন বিশ্রামের সময়) সামাজিক দূরত্ব বজায় রাখা (অর্থাৎ ছয় ফুট দূরত্ব) হচ্ছে কিনা তা লক্ষ্য রাখা যায়।

C. কর্মক্ষেত্রের সক্রিয়তা

- দায়বদ্ধ পক্ষদের নিম্নলিখিত পদ্ধতিগুলির মাধ্যমে পারস্পরিক সংযোগ এবং জনসমাগম কমাতে হবে:
    - কর্মক্ষেত্রের সময়গুলির সামঞ্জস্যবিধান;
    - সামাজিক দূরত্বের নির্দেশিকা পালনের জন্য, যেখানে উপযুক্ত, সেখানে অন-সাইট কর্মচারীর সংখ্যা হ্রাস করা;
    - ডিজাইন অদলবদল করা (উদাহরণস্বরূপ A/B দল, আগমন/প্রস্থানের বিভিন্ন সময়);
    - সম্ভব হলে, কার্যকলাপের শ্রেণীবিন্যাস, যাতে কর্মীরা শারীরিক দূরত্ব বজায় রাখতে পারে এবং একই সময় হাত দিয়ে পণ্য স্পর্শ করার সংখ্যা কমাতে পারে (যেমন একজন কর্মী সমস্ত প্যাকিংয়ের কাজ করবেন এবং একজন ভিন্ন কর্মী ডেলিভারির কাজ করবেন); এবং/অথবা
    - গ্রাহকদের নিজেদের কেনাকাটার জিনিস ব্যাগে নেওয়ার জন্য উৎসাহিত করবেন, তবে তা আবশ্যক নয়।

- দায়বদ্ধ পক্ষদের প্রয়োজন মতো কেনাকাটার সময় নিয়ন্ত্রণ করতে হবে যাতে সম্প্রসারিত পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার পদ্ধতি সক্রিয় করা যায়।

D. চলাচল ও বাণিজ্য

- দায়বদ্ধ পক্ষগণকে সর্বাধিক ক্ষমতার আবশ্যিক শর্ত মেনে চলতে অবশ্যই প্রতিষ্ঠানের মধ্যে জনসমাগম নিরীক্ষণ এবং নিয়ন্ত্রণ করতে হবে।
    - জনসমাগম মনিটর করতে এবং গ্রুপগুলির সামাজিক সমাবেশের সীমাবদ্ধতা মেনে চলা সুনিশ্চিত করতে দায়বদ্ধ পক্ষগণকে পর্যাপ্ত কর্মচারী বা নিরাপত্তা কর্মী রাখতে হবে।
    - দায়বদ্ধ পক্ষগণে অবশ্যই জনসমাগম বা একসাথে জমায়েত হওয়া নিষিদ্ধ করতে হবে এবং একসাথে জমায়েত হওয়া বন্ধ করতে আরো কর্মচারী নিয়োগ করা সহ, পর্যাপ্ত কর্মচারী বা নিরাপত্তা কর্মী রাখতে হবে।

- সংযোগ যথাসম্ভব সীমিত করতে দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই পিক-আপ এবং ডেলিভারিগুলির জন্য নির্দিষ্ট এলাকা স্থাপন করতে হবে।

- দায়বদ্ধ পক্ষদের স্পষ্টভাবে নির্ধারিত পৃথক প্রবেশ এবং প্রস্থানের পথ দিতে হবে, সম্ভব হলে।

    - দায়বদ্ধ পক্ষগণকে ক্রেতাদের, মলের এবং দোকানগুলির বাইরে, চাক্ষুষ ইঙ্গিত বা মার্কার ব্যবহার সহ, শারীরিক দূরত্ব বজায় রেখে সারিবদ্ধ করে দাঁড় করানোর ব্যবস্থা রাখতে হবে।

- পণ্য ডেলিভারির জন্য, দায়বদ্ধ পক্ষদের স্পর্শ না করে একটি ডেলিভারি ব্যবস্থার বাস্তবায়ন করতে হবে, যেখানে ডেলিভারি নেওয়ার সময় ড্রাইভার গাড়িতে বসে থাকবে অথবা যেখানে সম্ভব নয় সেখানে, দায়বদ্ধ পক্ষরা প্রত্যাশিত কার্যকলাপের উপযুক্ত গ্রহণযোগ্য PPE প্রদান করবে যার মধ্যে ন্যূনতমভাবে ডেলিভারি প্রক্রিয়া চলাকালীন সময়ের জন্য বিনামূল্যে ডেলিভারির সাথে জড়িত ব্যক্তির জন্য একটি মুখের আবরণ অন্তর্ভুক্ত থাকে।

- দায়বদ্ধ পক্ষগণকে পণ্যদ্রব্যের একটি লোড স্থানান্তর (উদাঃ একজন ডেলিভারি করার ড্রাইভারের থেকে) করার আগে এবং পরে অবশ্যই হাত জীবাণুমুক্তকরণ করতে হবে (যেমন পণ্য লোড করা শুরু করার আগে হাত জীবাণুমুক্ত করা; এবং একবার সব পণ্য লোড করা হয়ে গেলে, আবার তাদের হাত জীবাণুমুক্ত করে সমাপ্ত করা)।

- দায়বদ্ধ পক্ষগণকে দোকানগুলির ভিতরের জন্য কার্বসাইড পিক-আপ নির্দিষ্ট করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই অনুচর পরিষেবা স্থগিত করতে হবে।

- 20 আগস্ট 2020 থেকে কার্যকর, দায়বদ্ধ পক্ষগুলি সীমিত ফুড কোর্টের বসার জায়গা খুলতে পারে; তবে তা করতে পারে এই শর্তে যে এই ধরনের বসার জায়গা এবং খাদ্য পরিষেবার প্রতিষ্ঠানগুলি DOH এর " COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে খাদ্য পরিষেবার জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Food Services during the COVID-19 Public Health Emergency) অনুযায়ী কাজ করে, বসার টেবিলের মধ্যে যে কোন প্রয়োজনীয় ব্যাবধান, গ্রাহকদের পক্ষের মধ্যে সামাজিক দূরত্ব বজায় রাখা, এবং দখলদারিত্বের সীমা যার মধ্যে অন্তর্ভুক্ত।

- দায়বদ্ধ পক্ষদের যেখানে প্রযোজ্য সেখানে সুযোগ-সুবিধা বন্ধ বা পরিমার্জন করতে হবে, যার মধ্যে রয়েছে:
    - মলের মধ্যে সাধারণ বসার জায়গাগুলি বন্ধ করা, উপরে প্রদত্ত ফুড কোর্টের বসার অঞ্চলগুলি ছাড়া;
    - স্বীয় পরিবেশনের বার এবং স্যামপ্লারগুলি বন্ধ করা; এবং
    - পানির ফোয়ারা বন্ধ করা।

II. জায়গা

A. বায়ু পরিশ্রুতকরণ এবং বিল্ডিং সিস্টেম

- যে সব শপিং মল 400,000 বর্গ ফুটের চেয়ে বড়, তাদের ক্ষেত্রে দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে বিল্ডিং এর HVAC সিস্টেমের পরিশ্রুতকরণ সবথেকে ভালো রেট দেওয়া পরিশ্রুতকরণ ব্যবস্থা যা বর্তমানে ইনস্টল করা ফিল্টারের তাক এবং এয়ার হ্যান্ডলিং সিস্টেম হিসেবে, ন্যূনতম MERV-13, অথবা শিল্প সমতুল্য বা বৃহত্তর (উদাহরণস্বরূপ, HEPA), যেমন প্রযোজ্য, এবং যেমন প্রত্যয়িত একজন HVAC টেকনিশিয়ান, পেশাদার, বা সংস্থা, ASHRAE-র প্রত্যয়িত পেশাদার, প্রত্যয়িত রেট্রো-কমিশনিং পেশাদার, বা নিউ ইয়র্কের লাইসেন্সকৃত পেশাদার বিল্ডিং ইঞ্জিনিয়ার দ্বারা এবং নথিভুক্ত।

STAY HOME. STOP THE SPREAD. SAVE LIVES.

- দায়বদ্ধ পক্ষগণকে CDC এর সুপারিশগুলি অনুযায়ী অতিরিক্ত ভেন্টিলেশন এবং এয়ার ফিল্ট্রেশন মিটিগেশন প্রোটোকল গ্রহণ করার কথা বিবেচনা করতে পারে, বিশেষ করে 15 বছরের বেশী বয়সী ভবনগুলোর জন্য, যার মধ্যে রয়েছে:
  - ভেন্টিলেশন রেট এবং আউটডোর এয়ার ভেন্টিলেশন যতটা সম্ভব বাড়ানো;
  - সিস্টেম দীর্ঘ সময় ধরে চলমান রাখা (উদাহরণস্বরূপ, সম্ভব হলে 24/7);
  - চাহিদা-নিয়ন্ত্রিত ভেন্টিলেশন নিষ্ক্রিয় করা, যেখানে যুক্তিসঙ্গত, কিন্তু তাও সিস্টেম বজায় রাখা যা তাজা বায়ু সরবরাহ বৃদ্ধি করে (উদাহরণস্বরূপ, কনফারেন্স বা মিটিং রুম);
  - সম্ভাব্য মাত্রায় পুনঃসঞ্চালন হ্রাস বা নির্মূল করার জন্য আউটডোর এয়ার ড্যাম্পার খোলা;
  - বায়ুবাহিত ভাইরাস কণা নিষ্ক্রিয় করার জন্য যথাযথভাবে ডিজাইন করা এবং অতিবেগুনী জীবাণু বিকিরণ (UVGI) স্থাপনের কথা বিবেচনা করা;
  - বাইপাস সীমিত করার জন্য ফিল্টারের কিনারা সিল করা; এবং/অথবা
  - তারা সঠিকভাবে কাজ করছে তা নিশ্চিত করতে সিস্টেম এবং ফিল্টার নিয়মিত পরিদর্শন করা, এবং ফিল্টারগুলি যথাযথভাবে ইনস্টল করা, পরিষেবার মেয়াদকালে সার্ভিস করানো হয় তা নিশ্চিত করা।

- একটি মল ৪00,000 বর্গ ফুটের বেশি এবং সেটি একটি বিল্ডিং HVAC সিস্টেম ফিল্টারেশন রেটিং পূরণ করতে অক্ষম হলে, দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই একজন প্রত্যয়িত HVAC টেকনিশিয়ান, পেশাদার, অথবা কোম্পানি,ASHRAE-প্রত্যয়িত পেশাদার, প্রত্যয়িত রেট্রো-কমিশনিং পেশাদার, অথবা নিউ ইয়র্ক লাইসেন্সপ্রাপ্ত পেশাদার বিল্ডিং ইঞ্জিনিয়ারের থেকে সার্টিফিকেট নেওয়া এবং নথিভুক্ত করা যে বর্তমানে ইনস্টল করা ফিল্টার র ্যাক এবং এয়ার হ্যান্ডলিং সিস্টেম ন্যূনতম স্তরে গরম এবং ঠান্ডা করতে পারবে না যা তারা অন্যথায় COVID-19 মহামারির জনস্বাস্থ্য সঙ্কটের আগে করতে পারতেন এবং যদি তেমন উচ্চ মাত্রার ফিল্ট্রেশন (অর্থাৎ MERV-13 বা তার বেশি) ইন্সটল করা হত। উপরন্তু, MERV-11 বা MERV-12 এর কমে অপারেট করার জন্য দায়বদ্ধ পক্ষকে অবশ্যই স্বাস্থ্য দপ্তরের (DOH) পর্যালোচনার জন্য অতিরিক্ত ভেন্টিলেশন এবং এয়ার ফিল্ট্রেশন কমানোর প্রোটোকল সহ এই ধরনের নথিপত্র রাখতে হবে। সকল ক্ষেত্রেই, দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই অন্তত MERV-11 এর একটি বিল্ডিং HVAC সিস্টেম ফিল্ট্রেশন রেটিং বজায় রাখতে হবে।
  - উপরন্তু, যে সকল দায়বদ্ধ পক্ষ MERV-13 বা তার বেশি ফিল্টার রেটিং পূরণ করতে অক্ষম, তাদের CDC এর সুপারিশগুলি অনুযায়ী অতিরিক্ত ভেন্টিলেশন এবং এয়ার ফিল্ট্রেশন মিটিগেশন প্রোটোকল স্থাপন করতে হবে, যেখানে উপযুক্ত, যার মধ্যে থাকবে:
    - ভেন্টিলেশন রেট এবং আউটডোর এয়ার ভেন্টিলেশন যতটা সম্ভব বাড়ানো;
    - সিস্টেম দীর্ঘ সময় ধরে চলমান রাখা (উদাহরণস্বরূপ, সম্ভব হলে 24/7);
    - চাহিদা-নিয়ন্ত্রিত ভেন্টিলেশন নিষ্ক্রিয় করা, যেখানে যুক্তিসঙ্গত, কিন্তু তাও সিস্টেম বজায় রাখা যা তাজা বায়ু সরবরাহ বৃদ্ধি করে (উদাহরণস্বরূপ, কনফারেন্স বা মিটিং রুম);
    - সম্ভাব্য মাত্রায় পুনঃসঞ্চালন হ্রাস বা নির্মূল করার জন্য আউটডোর এয়ার ড্যাম্পার খোলা;
    - বায়ুবাহিত ভাইরাস কণা নিষ্ক্রিয় করার জন্য যথাযথভাবে ডিজাইন করা এবং অতিবেগুনী জীবাণু বিকিরণ (UVGI) স্থাপনের কথা বিবেচনা করা;
    - বাইপাস সীমিত করার জন্য ফিল্টারের কিনারা সিল করা; এবং/অথবা
    - তারা সঠিকভাবে কাজ করছে তা নিশ্চিত করতে সিস্টেম এবং ফিল্টার নিয়মিত পরিদর্শন করা, এবং ফিল্টারগুলি যথাযথভাবে ইনস্টল করা, পরিষেবার মেয়াদকালে সার্ভিস করানো হয় তা নিশ্চিত করা।

- যে সব মল ৪০০,০০০ বর্গ ফুটের চেয়ে ছোটো, তাদের ক্ষেত্রে দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে বিল্ডিং এর HVAC সিস্টেমের পরিশ্রুতকরণ সবথেকে ভালো রেট দেওয়া পরিশ্রুতকরণ ব্যবস্থা যা বর্তমানে ইনস্টল করা ফিল্টারের তাক এবং এয়ার হ্যান্ডলিং সিস্টেম হিসেবে, ন্যূনতম MERV-11, অথবা শিল্প সমতুল্য বা বৃহত্তর (উদাহরণস্বরূপ, HEPA), কিন্তু মূলত MERV-13, যেমন প্রযোজ্য, এবং যেমন প্রত্যয়িত একজন HVAC টেকনিশিয়ান, পেশাদার, বা সংস্থা,ASHRAE-র প্রত্যয়িত পেশাদার, প্রত্যয়িত রেট্রো-কমিশনিং পেশাদার, বা নিউ ইয়র্কের লাইসেন্সকৃত পেশাদার বিল্ডিং ইঞ্জিনিয়ার দ্বারা এবং নথিভুক্ত।
    - দায়বদ্ধ পক্ষগণকে CDC এর সুপারিশগুলি, অনুযায়ী অতিরিক্ত ভেন্টিলেশন এবং এয়ার ফিল্ট্রেশন মিটিগেশন প্রোটোকল গ্রহণ করার কথা বিবেচনা করতে পারে, বিশেষ করে MERV-13 ফিল্টারেশন রেটিংয়ের কম এবং 15 বছরের বেশী পুরনো বিল্ডিংগুলির জন্য, যার মধ্যে রয়েছে:
        - ভেন্টিলেশন রেট এবং আউটডোর এয়ার ভেন্টিলেশন যতটা সম্ভব বাড়ানো;
        - সিস্টেম দীর্ঘ সময় ধরে চলমান রাখা (উদাহরণস্বরূপ, সম্ভব হলে 24/7);
        - চাহিদা-নিয়ন্ত্রিত ভেন্টিলেশন নিষ্ক্রিয় করা, যেখানে যুক্তিসঙ্গত, কিন্তু তাও সিস্টেম বজায় রাখা যা তাজা বায়ু সরবরাহ বৃদ্ধি করে (উদাহরণস্বরূপ, কনফারেন্স বা মিটিং রুম);
        - সম্ভাব্য মাত্রায় পুনঃসঞ্চালন হ্রাস বা নির্মূল করার জন্য আউটডোর এয়ার ড্যাম্পার খোলা;
        - বায়ুবাহিত ভাইরাস কণা নিষ্ক্রিয় করার জন্য যথাযথভাবে ডিজাইন করা এবং অতিবেগুনী জীবাণু বিকিরণ (UVGI) স্থাপনের কথা বিবেচনা করা;
        - বাইপাস সীমিত করার জন্য ফিল্টারের কিনারা সিল করা; এবং/অথবা
        - তারা সঠিকভাবে কাজ করছে তা নিশ্চিত করতে সিস্টেম এবং ফিল্টার নিয়মিত পরিদর্শন করা, এবং ফিল্টারগুলি যথাযথভাবে ইনস্টল করা, পরিষেবার মেয়াদকালে সার্ভিস করানো হয় তা নিশ্চিত করা।

- একেবারে বন্ধ থাকা একটি বিল্ডিংয়ে লোকজন ফিরে আসার আগে, একটি স্বাস্থ্যকর এবং নিরাপদ পরিবেশ সুনিশ্চিত করতে, দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই ফিরে আসার আগের পরীক্ষা, কাজ এবং মূল্যায়নগুলি সম্পূর্ণ করতে হবে। এই সিস্টেমগুলির মধ্যে অন্তর্ভুক্ত, কিন্তু সীমিত নয়, মেকানিক্যাল সিস্টেম, ওয়াটার সিস্টেম, লিফট, এবং HVAC সিস্টেমগুলি।
    - যন্ত্রপ্রাতিগুলি কতদিন ধরে নিষ্ক্রিয় ছিল তার ওপর নির্ভর করে, মেশিনারি (যেমন ভাল্ভ এবং সুইচ) সঠিকভাবে অপারেট করছে তা সুনিশ্চিত করতে দায়বদ্ধ পক্ষগণকে সিস্টেমগুলিকে সতর্ক পর্যবেক্ষণ করে চালাতে হবে।
    - দীর্ঘদিন বন্ধ থাকার পরে সিস্টেমগুলিকে পুনরায় চালু করতে নির্দিষ্ট সিস্টেম অ্যাক্সনের প্রয়োজন হতে পারে। পর্যবেক্ষণ অনুযায়ী বন্ধ থাকার মেয়াদ এবং অবস্থার ওপর ভিত্তি করে দায়বদ্ধ পক্ষগণকে এই আইটেমগুলির প্রতিটির প্রয়োজনীয়তা নির্ধারণ করতে হতে পারে।
    - যথার্থতা এবং প্রযোয্যতা অনুযায়ী, দায়বদ্ধ পক্ষগণকে মেকআপ/বাইরের এয়ার সিস্টেমের ডিজাইনের ওপর নির্ভর করে অন্তত 24 ঘন্টার জন্য বিল্ডিংটিকে নির্মল বায়ু দিয়ে পরিপূর্ণ করতে হবে।
    - দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে এয়ার ফিল্টারগুলি প্রয়োজন (যেমন, বিল্ডিংটি নির্মল বায়ু দিয়ে পরিপূর্ণ করার পরে) অনুযায়ী বদলানো হয়েছে।
    - দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে কুলিং টাওয়ারগুলি স্টেটের আবশ্যিকতা অনুযায়ী রক্ষণাবেক্ষণ ও মনিটর করা হয়েছে এবং যে কোনো বন্ধ ওয়াটার সিস্টেম এবং/অথবা ওয়াটার ফিচারের জন্য রাসায়নিক এবং মাইক্রোবায়াল স্তরগুলি উল্লিখিত পরিসীমার মধ্যে আছে, এবং কোনো ডিভাইসে জল জমে থাকলে তা বের করে দেওয়া হয়েছে।

- ○ প্রযোজ্য হলে, দায়বদ্ধ পক্ষগণকে বিল্ডিংয়ের জল পরিচালনা পরিকল্পনা অনুযায়ী অবশ্যই ঠান্ডা- এবং গরম-জল ফ্লাশ করতে হবে।
- ○ দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে বিল্ডিংয়ের ওয়াটার সিস্টেম ফ্লাশ করার পরে যে কোনো ওয়াটার ফিল্টার প্রয়োজন অনুযায়ী বদলানো হয়েছে।
- ○ যে সকল বিল্ডিং পুরোপুরি বন্ধ ছিল সেগুলির জন্য, দায়বদ্ধ পক্ষগণকে সুনিশ্চিত করতে হবে যে রিওপেনিং এর আগে সমস্ত মেকানিক্যাল যন্ত্রপাতি এবং সিস্টেমের অপারেশন রিস্টোর করা হয়েছে।

B. প্রতিরক্ষামূলক সরঞ্জাম

- দায়বদ্ধ পক্ষদের নিশ্চিতভাবে দেখতে হবে যাতে কর্মীরা গ্রাহক অথবা সহকর্মীদের থেকে ছয় ফুটের মধ্যে থাকাকালীন ফেস কভারিং পরে থাকে। এমনকী ক্রেতাদের সঙ্গে আলাপচারিতাকালীন যেকোনো সময় (যেমন ক্রয়ের জন্য আহ্বান, হাতে দেওয়ার জন্য কোনো আইটেম মোড়ানো, নিরাপত্তার কারণে পারস্পরিক সংযোগ) কর্মীদের মুখের আবরণ পরতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে এই বিষয়টি অবশ্যই নিশ্চিত করতে হবে যেন একটি গ্রহণযোগ্য মুখের আবরণ পরে থাকলেই ক্রেতারা কেবলমাত্র মলে এবং মলের মধ্যের দোকানে প্রবেশের অনুমতি পাবেন; তবে এক্ষেত্রে ক্রেতার বয়স দু'বছরের বেশি এবং চিকিৎসাগতভাবে সেই ধরণের আবরণ সহ্য করতে পারেন কিনা তা বিবেচ্য।

- নির্দিষ্ট কর্মক্ষেত্রের ক্রিয়াকলাপের জন্য আবশ্যিক PPE এর প্রয়োজনীয়তা ছাড়াও, দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই গ্রহণযোগ্য মুখের আবরণ সংগ্রহ করতে, তৈরি করতে বা অন্যথায় অর্জন করতে হবে এবং এই ধরনের আবরণ কর্মক্ষেত্রে থাকাকালীন কর্মচারীদের বিনা মূল্যে প্রদান করা উচিত। কোনো কর্মচারী বা ক্রেতার মুখের আবরণ বদলাবার প্রয়োজন হলে তা প্রদান করার জন্য দায়বদ্ধ পক্ষগুলির কাছে মুখের আবরণ এবং অন্যান্য প্রয়োজনীয় PPE-এর পর্যাপ্ত যোগান থাকতে হবে। স্বীকৃত মুখের আবরণগুলির মধ্যে অন্তর্ভুক্ত, কিন্তু সেগুলির মধ্যে সীমাবদ্ধ নয়, কাপড় (উদা: বাড়িতে তৈরি সেলাই করা কাপড়, ফালি করে কাটা, বন্দনা), সার্জিক্যাল মাস্ক, N95 রেসপাইরেটর এবং ফেস সিল্ড।

- মুখের আবরণগুলি অবশ্যই পরিষ্কার করতে এবং বদলাতে হবে এবং শেয়ার করা যাবে না। অনুগ্রহ করে কাপড়ের মুখের আবরণ এবং অন্যান্য ধরনের PPE সম্পর্কিত অতিরিক্ত তথ্যের জন্য সেইসাথে তা ব্যবহার এবং পরিষ্কারের নির্দেশাবলীর জন্য রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC) এর নির্দেশিকা দেখুন।

  - ○ মনে রাখবেন যে কাপড়ের মুখের আবরণ বা নিষ্পত্তিযোগ্য মাস্ক সেইসব কর্মক্ষেত্রের কার্যকলাপের জন্য গ্রহণযোগ্য মুখের আবরণ হিসাবে বিবেচনা করা হবে না যেখানে মুখের আবরণের প্রয়োজনীয়তার ক্ষেত্রে উচ্চ মাত্রার সুরক্ষা প্রয়োজন। উদাহরণস্বরূপ, N95 রেস্পিরেটরগুলি চিরাচরিতভাবে নির্দিষ্ট খুচরো ব্যবসায়িক কার্যকলাপগুলির জন্য প্রয়োজন হলে, কোনো কাপড় বা বাড়িতে তৈরি মাস্ক সেখানে পর্যাপ্ত হত না। দায়বদ্ধ পক্ষগুলিকে এই ধরনের নিরাপত্তা সরঞ্জামের জন্য পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) মান মেনে চলতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই কর্মচারীদের তাদের নিজস্ব স্বীকৃত মুখের আবরণ ব্যবহার করার অনুমতি দিতে হবে কিন্তু কর্মচারীরা তাদের নিজের মুখের আবরণ সরবরাহ করতে পারবেন না। উপরন্তু, এই নির্দেশিকা কর্মচারীদের তাদের নিজস্ব প্রতিরক্ষামূলক মুখের আবরণগুলি (যেমন সার্জিক্যাল মাস্ক, N95 রেসপিরেটর বা ফেস শিল্ড) পরতে বাধা দেয় না। কর্মচারীদের কাজের ধরন অনুযায়ী দায়বদ্ধ পক্ষগণকে তাদের আরো প্রতিরক্ষামূলক PPE পরা বাধ্যতামূলক করতে হতে পারে। নিয়োগকর্তাদের সকল প্রযোজ্য পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) মান মেনে চলতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে যন্ত্রপাতি, রেজিস্টার এবং গাড়ির মতো জিনিসগুলি শেয়ার করার পাশাপাশি শেয়ার করা পৃষ্ঠতলের স্পর্শ সীমিত করতে ব্যবস্থা নিতে হবে; অথবা কর্মীরা যখন শেয়ার করা সামগ্রীর অথবা প্রায়ই স্পর্শ করা পৃষ্ঠতলের সংস্পর্শে আসবে তখন তাদের গ্লাভস (ব্যবসার অথবা চিকিৎসাগতভাবে উপযুক্ত) পরে থাকতে হবে; অথবা সংস্পর্শে আসার আগে এবং পরে কর্মীদের হাত জীবাণুমুক্ত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে নিশ্চিত করতে হবে কোনো ধরনের খাদ্যদ্রব্য সামলানোর সময় গ্লাভস পরা আছে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই কর্মীদের প্রশিক্ষিত করতে হবে কীভাবে উপযুক্ত উপায়ে PPE পরা, খুলে রাখা, পরিষ্কার করা (প্রযোজ্য হলে), এবং ফেলে দেওয়া হয়, যার মধ্যে সীমিত না হলেও অন্তর্ভুক্ত উপযুক্ত মুখের আবরণ।

C. স্বাস্থ্যবিধি, পরিচ্ছন্নতা, এবং জীবানুমুক্তকরণ

- প্রাসঙ্গিকতা অনুযায়ী, দায়বদ্ধ পক্ষগণকে "COVID-19 এর জন্য সরকারি এবং বেসরকারি কেন্দ্রগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার নির্দেশিকা" (Guidance for Cleaning and Disinfection of Public and Private Facilities for COVID-19) এবং "ছড়িয়ে পড়া থামান" (STOP THE SPREAD) পোস্টার সমেত CDC এবং DOH-এর প্রস্তাবিত স্বাস্থ্যবিধি এবং পরিষ্করণ ও জীবাণুমুক্তকরণের আবশ্যিক শর্তগুলি মেনে চলা হচ্ছে কি না তা দায়িত্বশীল পক্ষগণকে নিশ্চিত করতে হবে। দায়বদ্ধ পক্ষকে লগ বজায় রাখতে হবে যাতে তারিখ, সময় এবং পরিচ্ছন্নতার পরিধি অন্তর্ভুক্ত।

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই সাইটে হাতের পরিচ্ছন্নতা স্টেশন সরবরাহ এবং রক্ষণাবেক্ষণ করতে হবে, নিম্নরূপে:
  - হাত ধোয়ার জন্য: সাবান, উষ্ণ প্রবাহিত পানি, এবং ডিসপোজেবল কাগজের তোয়ালে।
  - হাত স্যানিটাইজ করার জন্য: যেখানে হাত ধোয়ার সুবিধা পাওয়া যাবে না বা সম্ভব নাও হতে পারে সেইসব এলাকার জন্য একটি অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার যাতে অন্তত 60% অ্যালকোহল থাকে।
  - কর্মী এবং ক্রেতার ব্যবহারের জন্য দায়বদ্ধ পক্ষগণকে সমগ্র মলে হ্যান্ড স্যানিটাইজার উপলব্ধ রাখতে হবে; এটি সুবিধাজনক স্থানগুলিতে রাখতে হবে যেমন ক্রেতাদের প্রবেশের জায়গাগুলিতে, তথ্যের কিওস্ক, এবং ক্রেতাদের জন্য প্রতিটি দোকানের প্রবেশ দ্বারে এবং ক্যাশ রেজিস্টারে অথবা পেমেন্ট টার্মিনালগুলিতে। দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই হ্যান্ড স্যানিটাইজারের জায়গাগুলির কাছে খুব বেশি নোংরা হাত সাবান এবং জল দিয়ে ধুতে হবে চিহ্নিত করা সাইনেজ অন্তর্ভুক্ত করতে হবে; হাত খুব বেশি নোংরা হয়ে গেলে হ্যান্ড স্যানিটাইজার কার্যকর হয় না।

- দায়বদ্ধ পক্ষগণকে শেয়ার করা এবং প্রায়শই স্পর্শ করা পৃষ্ঠতলের জন্য উপযুক্ত পরিচ্ছন্নতার/জীবাণুমুক্তকরণ উপকরণ সরবরাহ করতে হবে এবং এই পৃষ্ঠতলের ব্যবহারের আগে এবং পরে কর্মীদের হাতের পরিচ্ছন্নতা সহ প্রস্তুতকারকদের নির্দেশনা অনুসরণ করে এই উপকরণ ব্যবহার করতে উৎসাহিত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে মলটিকে নিয়মিতভাবে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে এবং অনেকের দ্বারা ব্যবহৃত উচ্চ ঝুঁকি সম্পন্ন স্থানগুলিকে আরও নিয়মিত পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে। পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণ পুঙ্খানুপুঙ্খ এবং অনবরত করতে থাকতে হবে এবং অন্তত দিনে দুবার, বা প্রয়োজন অনুযায়ী আরো ঘনঘন করতে হবে। কীভাবে ফেসিলিটিগুলি পরিষ্কার করবেন তার বিশদ নির্দেশাবলীর জন্য অনুগ্রহ করে DOH এর"COVID-19 এর জন্য সরকারি এবং বেসরকারি কেন্দ্রগুলি পরিষ্কার করা এবং জীবাণুমুক্ত করার বিষয়ে অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Cleaning and Disinfection of Public and Private Facilities for COVID-19) দেখুন।
  - দায়বদ্ধ পক্ষগণকে রেস্টরুমগুলি অবশ্যই নিয়মিত পরিষ্কার ও জীবাণুমুক্ত করা সুনিশ্চিত করতে হবে। ব্যবহারের পরিমাণের উপর নির্ভর করে বিশ্রামকক্ষ আরো ঘন ঘন পরিষ্কার করা উচিত।

- যেখানে সম্ভব সেখানে দায়বদ্ধ পক্ষকে অবশ্যই চিহ্ন, ব্যবহৃত হচ্ছে এমন চিহ্ন এবং অন্যান্য পদ্ধতিতে বিশ্রামকক্ষের ধারণ ক্ষমতা হ্রাস করে দূরত্ব বিধিমালা পালন নিশ্চিত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে যন্ত্রপাতিগুলি, নিবন্ধিত জীবাণুনাশক ব্যবহার করে নিয়মিতভাবে জীবাণুমুক্ত করা হচ্ছে, অন্ততপক্ষে কর্মীরা যতবার ওয়ার্কস্টেশনগুলি পরিবর্তন করে ততবার সমেত। EPA দ্বারা COVID-19-এর বিরুদ্ধে কার্যকর হিসেবে শনাক্ত হওয়া নিউইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ দপ্তরের (Department of Environmental Conservation, DEC) নিবন্ধিত তালিকাভুক্ত সামগ্রীগুলি ব্যবহার করুন।
- পরিষ্কার বা জীবাণুমুক্ত করার পণ্যগুলি অথবা পরিষ্কার বা জীবাণুনাশের প্রক্রিয়া নিরাপত্তার ঝুঁকি তৈরি করে অথবা উপকরণ বা যন্ত্রপাতির কর্মক্ষমতা কমিয়ে দিলে, দায়বদ্ধ পক্ষদের নিষ্পত্তিযোগ্য গ্লাভসের ব্যবহার এবং/অথবা সরবরাহের মাঝে হাত ধোয়ার জায়গায় ব্যবস্থা করতে হবে এবং/অথবা সেই ধরনের যন্ত্রপাতি ব্যবহারে কর্মী সংখ্যার সীমাবদ্ধতা আনতে হবে।

- একজন কর্মী বা গ্রাহকের COVID-19 পজিটিভ কেস শনাক্ত হলে তার সংস্পর্শে আসা এলাকাগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার ব্যবস্থা দায়বদ্ধ পক্ষগুলিকে করতে হবে, এই ধরনের পরিষ্কার এবং জীবাণুনাশের প্রক্রিয়ায়, ন্যূনতমপক্ষে, সবথেকে অধিক লোক চলাচল এলাকা এবং বেশি স্পর্শ করা হয় এমন পৃষ্ঠতল (যেমন ভেন্টিং মেশিন, হ্যান্ডরেইল, বাথরুম, দরজার হাতল) অন্তর্ভুক্ত করতে হবে।

- কোনো ব্যক্তির COVID-19 আছে বলে সন্দেহ হলে অথবা নিশ্চিত হলে "আপনার ফেসিলিটি পরিষ্কার করা এবং জীবাণুমুক্ত করা"র (Cleaning and Disinfecting Your Facility) সম্পর্কিত CDC এর নির্দেশিকা নিম্নরূপ:
  - COVID-19 এ আক্রান্ত সন্দেহভাজন ব্যক্তি বা অসুস্থ ব্যক্তি দ্বারা ব্যবহৃত এলাকা বন্ধ করে দিন।
    - দায়বদ্ধ পক্ষগণকে তাদের কাজকর্ম বন্ধ করার প্রয়োজন হবে না, যদি তারা সংক্রমিত অঞ্চলগুলি বন্ধ করে দিতে পারেন।
  - এলাকায় বিমান বাতাস বাড়ানোর জন্য বাইরের দরজা ও জানালা খুলুন।
  - পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার আগে 24 ঘণ্টা অপেক্ষা করুন। যদি 24 ঘণ্টা সম্ভব না হয়, তাহলে যতক্ষণ সম্ভব অপেক্ষা করুন।
  - COVID-19 আছে বলে সন্দেহভাজন বা নিশ্চিত ব্যক্তির দ্বারা ব্যবহৃত সকল এলাকা পরিষ্কার এবং জীবাণুমুক্ত করুন যেমন অফিস, বাথরুম, সাধারণ এলাকা, এবং শেয়ার করা সরঞ্জাম।
  - একবার অঞ্চলটি যথাযথভাবে পরিষ্কার ও জীবাণুমুক্ত করা হয়ে গেলে, সেটি ব্যবহারের জন্য আবার খুলে দেওয়া যেতে পারে।
    - COVID-19 আছে বলে সন্দেহ করা অথবা নিশ্চিতভাবে সংক্রমিত ব্যক্তির ঘনিষ্ঠ সান্নিধ্যে বা কাছাকাছি আসেননি এমন কর্মচারীরা পরিষ্কার ও জীবাণুমুক্ত করার পরে অবিলম্বে কাজের জায়গায় ফিরে আসতে পারবেন।
    - "ঘনিষ্ঠ বা কাছাকাছি" যোগাযোগ সম্পর্কে তথ্যের জন্য DOH এর "COVID-19 সংক্রমণ বা এক্সপোজারের পর কাজে ফিরে আসা সরকারি ও বেসরকারি কর্মচারীদের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Public and Private Employees Returning to Work Following COVID-19 Infection or Exposure) দেখুন।
  - যদি সাত দিনের বেশী সময় অতিবাহিত হয় COVID-19 আছে বলে সন্দেহভাজন বা নিশ্চিত ব্যক্তি ফেসিলিটি পরিদর্শন করার পর বা ব্যবহার করার পর, তাহলে স্থানটিকে অতিরিক্ত পরিষ্কার করার এবং জীবানুমুক্ত করার প্রয়োজন নেই, কিন্তু নিয়মমাফিক পরিষ্কার এবং জীবানুমুক্ত করা অব্যাহত রাখা উচিৎ।

- শেয়ার করা সামগ্রী (যেমন বাস্কেট, পেমেন্টের ডিভাইস) সামলানোর সাথে জড়িত কার্যকলাপের জন্য, এলাকা (যেমন পিকআপের এলাকা) এবং/অথবা পৃষ্ঠতল (যেমন দরজা, টাচ-স্ক্রিন ডিরেক্টরিজ), এর ব্যবস্থাপনার জন্য, সেই এলাকা এবং সামগ্রীগুলি ন্যূনতমভাবে প্রত্যহ দুবার পরিষ্কার করে জীবাণুমুক্ত করা হয় বলে দায়বদ্ধ পক্ষদের নিশ্চিত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই কর্মচারীদের খাবার এবং পানীয় (যেমন, বাফেট স্টাইলের খাবার) ভাগ করে খাওয়া নিষিদ্ধ করতে হবে, বাড়ি থেকে লাঞ্চ নিয়ে আসতে উৎসাহিত করতে হবে, এবং যেখানে, সম্ভব, খাবার খাওয়ার সময় সামাজিক দূরত্ব বজায় রাখার মতো পর্যাপ্ত জায়গা রাখতে হবে।

D. পর্যায়ক্রমিকভাবে পুনরায় শুরু করা

- দায়বদ্ধ পক্ষগণকে পর্যায়ক্রমিক-ভাবে কার্যকলাপগুলি রিওপেনিংয়ের জন্য উৎসাহিত করা হয় যাতে অপারেশনগত সমস্যাগুলি মল সম্পর্কিত ক্রিয়াকলাপগুলি স্বাভাবিক পর্যায়ে ফিরে আসার আগে সমাধান করে নেওয়া যায়। দায়বদ্ধ পক্ষদের প্রথমবার পুনরায় খোলার সময় পরিবর্তনের সঙ্গে মানিয়ে নিয়ে ক্রিয়াকলাপ উপলভ্য করে তোলার জন্য কর্মী সংখ্যা, কাজের সময় এবং গ্রাহকদের সংখ্যা সীমিত করার কথা বিবেচনা করতে হবে।

E. যোগাযোগ পরিকল্পনা

- দায়বদ্ধ পক্ষগণকে নিশ্চিত করতে হবে যে তারা স্টেটের-ইস্যু করা শিল্পের নির্দেশিকাটি পর্যালোচনা করেছেন এবং বুঝেছেন, এবং এটিও নিশ্চিত করতে হবে যে তারা সেগুলি কার্যকর করবেন।

- দায়বদ্ধ পক্ষগণকে কর্মচারী এবং ক্রেতাদের জন্য একটি যোগাযোগ পরিকল্পনা গড়ে তুলতে হবে যা প্রযোজ্য নির্দেশাবলী, প্রশিক্ষণ, সাইনেজ এবং কর্মচারীদের তথ্য প্রদানের একটি অবিচলিত উপায়কে অন্তর্ভুক্ত করে। দায়বদ্ধ পক্ষগণকে ওয়েবপেজ, টেক্সট এবং ইমেল গ্রুপ, এবং সোশ্যাল মিডিয়া গড়ে তোলার কথা বিবেচনা করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে মুখে বলে বা সাইনেজের মাধ্যমে, একটি ছয় ফুটের সামাজিক দূরত্ব বজায় না রাখা যাওয়ার ক্ষেত্রে, PPE, বিশেষ করে মুখের আবরণ ব্যবহার করা সম্পর্কে ক্রেতাদের CDC এবং DOH এর নির্দেশিকাগুলি মেনে চলতে উৎসাহিত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষদের উপযুক্ত স্বাস্থ্যবিধি, শারীরিক দূরত্ব বজায় রাখার নিয়ম, PPE এর উপযুক্ত ব্যবহার এবং পরিষ্করণ ও জীবাণুনাশের প্রোটোকলগুলি মেনে চলার কথা কর্মী এবং গ্রাহকদের মনে করিয়ে দিতে মলের ভিতরে এবং বাইরে সিগনেজ পোস্ট করতে হবে।

III. প্রক্রিয়াসমূহ

A. স্ক্রিনিং এবং টেস্টিং

- দায়বদ্ধ পক্ষদের কর্মীদের জন্য এবং যেখানে সম্ভব সেখানে সাক্ষাৎকারীদের জন্য বাধ্যতামূলক প্রাত্যহিক স্বাস্থ্য স্ক্রিনিয়ের ব্যবস্থা বাস্তবায়ন করতে হবে, তবে এই ধরণের স্ক্রিনিং গ্রাহক বা ডেলিভারি কর্মীদের জন্য বাধ্যতামূলক হবে না।
    - কর্মীরা কর্মক্ষেত্রে রিপোর্ট করার আগে, যতদূর সম্ভব স্ক্রিনিংয়ের ব্যবস্থা দূরবর্তী স্থান থেকে করা যেতে পারে (যেমন টেলিফোন বা বৈদ্যুতিক সমীক্ষা); অথবা সাইটেও করা যেতে পারে।
    - স্ক্রিনিং শেষ হওয়ার পূর্বে একে অপরের সাথে ঘনিষ্ঠ বা নিকট দূরত্বে থাকা শ্রমিকদের পরষ্পরের মধ্যে একত্রিত হওয়ার থেকে বিরত রাখার জন্য স্ক্রিনিংয়ের ব্যবস্থা করা উচিত।

- অন্তত সব কর্মী এবং ভিজিটরদের জন্য স্ক্রিনিং বাধ্যতামূলক করতে হবে, (কিন্তু গ্রাহকদের জন্য নয়), এবং একটি প্রশ্নোত্তর ব্যবহার করতে হবে যা নির্ধারণ করে যে কর্মী বা ভিজিটরটির সাথে নিম্নোক্ত ঘটনা ঘটেছে কি না:

  (a) জেনেশুনে গত 14 দিনের মধ্যে COVID-19 এর জন্য পরীক্ষায় পজিটিভ ফল এসেছে বা যার মধ্যে COVID-19 এর উপসর্গ রয়েছে এমন কারোর ঘনিষ্ঠ বা নিকট সংস্পর্শে থেকেছেন।

  (b) গত 14 দিনের মধ্যে COVID-19 পরীক্ষার ফল পজিটিভ এসেছে; এবং/অথবা

  (c) গত 14 দিনে তার COVID-19 এর কোনও লক্ষণ দেখা দিয়েছে কি না।

- COVID-19 এর সাথে সংশ্লিষ্ট উপসর্গ সম্পর্কে সর্বাধিক হালনাগাদকৃত তথ্যের জন্য "Symptoms of Coronavirus" (করোনাভাইরাসের উপসর্গগুলি) সম্পর্কে CDC নির্দেশিকা দেখুন।

- দায়বদ্ধ পক্ষগণের উচিৎ ব্যক্তিবর্গের জন্য এটি আবশ্যক করা যাতে, যদি এবং যখন উপরোক্ত কোন প্রশ্নের প্রতি তাদের উত্তরে পরিবর্তন হয় তারা যেন অবিলম্বে তা প্রকাশ করেন, যেমন যদি তারা উপসর্গ অনুভব করতে শুরু করেন, কাজের সময় বা তার পরে।

- স্ক্রিনিংয়ের প্রশ্নোত্তরের পাশাপাশি, মার্কিন যুক্তরাষ্ট্রের কর্মসংস্থানের সমান সুযোগ কমিশন (U.S. Equal Employment Opportunity Commission) বা DOH এর নির্দেশাবলী অনুযায়ীও তাপমাত্রা পরীক্ষা করা হতে পারে। দায়বদ্ধ পক্ষ কর্তৃক কর্মীদের স্বাস্থ্য তথ্যের রেকর্ড রাখা নিষিদ্ধ (উদাহরণস্বরূপ, একজন ব্যক্তির নির্দিষ্ট তাপমাত্রার তথ্য), কিন্তু এমন রেকর্ড বজায় রাখার অনুমতি দেওয়া হয় যা নিশ্চিত করে যে ব্যক্তিকে স্ক্রিন করা হয়েছে এবং এই ধরনের স্ক্রিনিং এর ফলাফল (উদাহরণস্বরূপ, পাস/ফেল, ক্লিয়ার/ক্লিয়ার করা হয়নি)।

- দায়বদ্ধ পক্ষদের নিশ্চিত করতে হবে যে তাপমাত্রার পরীক্ষা সহ কোনো কর্মী স্ক্রিনিং করলে, তিনি মনে সম্ভাব্য সংক্রামক কর্মীদের সংস্পর্শে আসার থেকে আনুমানিকভাবে সুরক্ষিত। যে কর্মীরা স্ক্রিনিং কার্যক্রম সম্পাদন করেন তাদের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC), স্বাস্থ্য বিভাগ (DOH) এবং পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) প্রোটোকলের সাথে পরিচিত, নিয়োগকর্তার দ্বারা সনাক্ত করা ব্যক্তিদের দ্বারা প্রশিক্ষিত হওয়া উচিত।

- স্ক্রিনিং করা কর্মীদের জন্য কমপক্ষে একটি ফেস মাস্ক সহ PPE প্রদান করতে হবে এবং তাদের তা ব্যবহার করতে হবে, এবং তাতে গ্লাভস, একটি গাউন, এবং/অথবা একটি ফেস শিল্ড অন্তর্ভুক্ত হতে পারে।

- COVID-19 উপসর্গগুলির জন্য ইতিবাচক পরীক্ষিত হওয়া একজন ব্যক্তিকে কর্মক্ষেত্রে প্রবেশ করার অনুমদিত দেওয়া যাবে না এবং মূল্যায়ন ও টেস্টিংয়ের জন্য তাদের স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করার নির্দেশ দিয়ে বাড়ি পাঠাতে হবে।

  - দায়বদ্ধ পক্ষগণকে সেই ব্যক্তিকে স্বাস্থ্যসেবা ও টেস্টিং রিসোর্সের তথ্য প্রদান করতে হবে।

  - দায়বদ্ধ পক্ষগণকে অবিলম্বে স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগকে কেসটি সম্বন্ধে জানাতে হবে, যদি COVID-19 এর পরীক্ষার ফল পজিটিভ হয়।

- দায়বদ্ধ পক্ষের COVID-19 এর সন্দেহভাজন বা নিশ্চিত কেস বা COVID-19 এ আক্রান্ত ব্যক্তির সাথে ঘনিষ্ঠ বা কাছাকাছি যোগাযোগের পর কাজে ফিরে আসতে চাওয়া কর্মচারীদের সংক্রান্ত প্রোটোকল বা পলিসি জানার জন্য DOH এর "COVID-19 সংক্রমণ বা এক্সপোজারের পর কাজে ফিরে আসা সরকারি ও বেসরকারি কর্মচারীদের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Public and Private Employees Returning to Work Following COVID-19 Infection or Exposure) দেখতে হবে।

- দায়বদ্ধ পক্ষের উচিত যোগাযোগের একটি কেন্দ্রীয় ব্যক্তি নির্ধারণ করা, যা কার্যকলাপ, অবস্থান, শিফট বা দিন দ্বারা পরিবর্তিত হতে পারে, যে সকল প্রশ্নপত্র গ্রহণ এবং যাচাই করার জন্য দায়ী, এই ধরনের যোগাযোগের ব্যক্তিকে সবার জন্য নির্দিষ্ট পার্টি হিসেবে চিহ্নিত করা হয়েছে যাকে তারা পরে COVID-19 সম্পর্কিত উপসর্গ অনুভব করছে কি না তা জানাবে।

  - দায়বদ্ধ পক্ষগণ এবং ভাড়াটিয়াগণ একটি বিকল্প স্ক্রিনিংয়ের বন্দোবস্তে সম্মত হলে যেখানে দায়বদ্ধ পক্ষগণ ভাড়াটিয়াদের হয়ে স্ক্রিন করবেন, তখন দায়বদ্ধ পক্ষগণ স্ক্রিনিং প্রক্রিয়ার একটি রেকর্ড রক্ষণাবেক্ষণের জন্য দায়বদ্ধ থাকবেন। কর্মচারীর স্বাস্থ্যের ডেটার রেকর্ড (যেমন একজন ব্যক্তির নির্দিষ্ট তাপমাত্রার ডেটা) রক্ষণাবেক্ষণ করা নিষিদ্ধ; দৈনন্দিন ভিত্তিতে শুধুমাত্র যে রেকর্ড রক্ষণাবেক্ষণ করতে হবে তা হল স্ক্রিন করা ওই ব্যক্তিবর্গের স্ক্রিনিং প্রক্রিয়া সম্পর্কিত ডেটা এবং স্ক্রিনিং প্রক্রিয়ায় অকৃতকার্য হওয়া কোনো কর্মচারী বা ভিজিটরকে প্রবেশাধিকার মঞ্জুর করা হয়নি তার নিশ্চিতকরণের রেকর্ড।

- দায়বদ্ধ পক্ষদের সাইটের সুরক্ষার একজনপর্যবেক্ষক নিয়োগ করতে হবে যার দায়িত্বগুলির মধ্যে স্থানটির নিরাপত্তা পরিকল্পনার সমস্ত দিক অনবরত মেনে চলা হচ্ছে কিনা তা অন্তর্ভুক্ত।

- যতদূর সম্ভব, দায়বদ্ধ পক্ষদের কর্মচারী ও ভিজিটির সহ প্রত্যেক ব্যক্তির একটি লগ বজায় রাখতে হবে যারা কর্মক্ষেত্রে অথবা কাজের এলাকায় অন্য ব্যক্তিদের ঘনিষ্ঠ বা নিকট সংস্পর্শে আসতে পারেন; সেই সকল গ্রাহক এবং ডেলিভারির ব্যক্তিদের বাদ দিন যারা উপযুক্ত PPE ব্যবহার করে কাজ করেন বা স্পর্শবিহীন মাধ্যম দ্বারা সঞ্চালিত হয়। লগে যোগাযোগের তথ্য থাকতে হবে, একজন কর্মী COVID-19 এ আক্রান্ত হলে যাতে সব পরিচিতি শনাক্ত করা যেতে পারে, খুঁজে পাওয়া যায় এবং তাকে জানানো যায়। দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য দপ্তরের সংস্পর্শ খুঁজে বের করার উদ্যোগগুলির সাথে সহযোগিতা করতে হবে।

- গ্রাহকরা একটি স্বাস্থ্যের স্ক্রীন সম্পূর্ণ করবে অথবা যোগাযোগের তথ্য দিতে হবেই বলে কোনো কিছু বাধ্যতামূলক করতে পারেন না দায়বদ্ধ পক্ষরা, তবে গ্রাহকদের সেটি করার জন্য উৎসাহিত করতে পারেন। দায়বদ্ধ পক্ষ যোগাযোগের তথ্য প্রদানের জন্য গ্রাহকদের একটি বিকল্প প্রদান করতে পারেন যাতে তারা লগে লিখেতে পারেন এবং যোগাযোগ ট্র্যাক করার জন্য যোগাযোগ করতে পারেন, প্রয়োজনে।

B. শনাক্ত এবং খুঁজে বের করা

- দায়বদ্ধ পক্ষগুলির সাইটে কোনো কর্মচারীর COVID-19 পরীক্ষায় পজিটিভ ফলাফল হয়েছে বলে জানতে পারলে তাদের অবশ্যই অবিলম্বে স্টেট এবং ব্যবসাস্থলের স্থানীয় স্বাস্থ্য বিভাগকে সেই সম্পর্কে জানাতে হবে।

- ব্যবসার টেস্টিংয়ে কথোপকথনকারী কোনো কর্মী বা ক্রেতার টেস্টের ফল পজিটিভ এলে, কর্মক্ষেত্রে সমস্ত পরিচিতিকে খুঁজে বার করা এবং লগে নাম লেখা সমস্ত কর্মীর স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগে জানানোর জন্য এবং মলে সেই কর্মীর COVID-19 এর উপসর্গ শুরু হওয়ার অথবা পজিটিভ পরীক্ষিত হওয়ার 48 ঘন্টা আগে মলে প্রবেশ করেছিলেন এমন ভিজিটর/ক্রেতাকে (প্রয়োগযোগ্যতা অনুযায়ী) জানানোর জন্য, যেটি আগে হয়ে দায়বদ্ধ পক্ষদের স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগের সঙ্গে সহযোগিতা করতে হবে, তবে ফেডারেল এবং স্টেট আইন এবং প্রবিধান অনুযায়ী গোপনীয়তা বজায় রাখতে হবে।

- স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলি সংক্রামিত অথবা সংস্পর্শে আসা ব্যক্তির হোম আইসোলেশন অথবা কোয়ারেন্টিন সমেত নিরীক্ষণের ব্যবস্থা বাস্তবায়ন করবে এবং গতিবিধি সীমিত করবে।
- যে ব্যক্তিদের COVID-19 থাকা ব্যক্তির ঘনিষ্ট বা নিকট সংস্পর্শে এসেছেন বলে সতর্ক করা হয়েছে, এবং ট্র্যাকিং বা অন্য কোনো পদ্ধতি অবলম্বন করতে সতর্ক করা হয়েছে, সতর্ক হওয়ার পরে তাদের নিজেদের নিয়োগকর্তার কাছে নিজেদেরই রিপোর্ট করতে হবে এবং উপরের উল্লেখিত প্রোটোকল মেনে চলতে হবে।

IV. নিয়োগকারীর পরিকল্পনাসমূহ

দায়বদ্ধ পক্ষগুলিকে সহজেই চোখে পরে এমন স্থানে অবশ্যই কর্মীদের জন্য সাইটে সম্পূর্ণ করা নিরাপত্তার পরিকল্পনা পোস্ট করতে হবে। COVID-19 বিস্তার থেকে রক্ষা করতে ব্যবসার মালিক এবং পরিচালকদের উন্নত পরিকল্পনা উন্নয়নে গাইড করার জন্য রাজ্য একটি ব্যবসা পুনরায় খোলার নিরাপত্তা পরিকল্পনার টেমপ্লেট উপলব্ধ করেছে।

অতিরিক্ত নিরাপত্তা তথ্য, নির্দেশিকা এবং সম্পদ পাওয়া যাবে এখানে:

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তরের নভেল করোনাভাইরাসের (COVID-19) ওয়েবসাইট
https://coronavirus.health.ny.gov/

মার্কিন যুক্তরাষ্ট্রের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ করোভাইরাস (COVID-19)
ওয়েবসাইটhttps://www.cdc.gov/coronavirus/2019-ncov/index.html

পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন COVID-19 ওয়েবসাইট
https://www.osha.gov/SLTC/covid-19/

নিচের লিঙ্কটিতে, নিশ্চিত করুন যে আপনি এই নির্দেশিকা অনুযায়ী পরিচালনা করার জন্য আপনার দায়বদ্ধতা পড়েছেন এবং বুঝেছেন:

https://forms.ny.gov/s3/ny-forward-affirmation

STAY HOME. STOP THE SPREAD. SAVE LIVES.